

সূরা - ৮৭

সর্বোন্নত

(আল-আ'লা, :১)

মক্কায় অবতীর্ণ

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ মহিমা ঘোষণা করো তোমার সর্বোন্নত প্রভুর নামের,—
- ২ যিনি সৃষ্টি করেন, তারপর সুস্থাম করেন;
- ৩ আর যিনি সুসমঞ্জস করেন, তারপর পথ দেখিয়ে নেন;
- ৪ আর যিনি তৃণলতা উদ্গত করেন,
- ৫ তারপর তাকে শুকিয়ে পাঁশটে বানিয়ে ফেলেন।
- ৬ আমরা যথাশীত্র তোমাকে পড়াবো, ফলে তুমি ভুলবে না,—
- ৭ শুধু যা-কিছু আল্লাহ ইচ্ছা করেন তা ব্যতীত। নিশ্চয় তিনি জানেন প্রকাশ্য এবং যা গুপ্ত রয়েছে।
- ৮ আর আমরা তোমার জন্য সহজ করে দেব সহজকরনের জন্য।
- ৯ অতএব তুমি স্মরণ করিয়ে চলো; নিশ্চয় স্মরণ করানোতে সুফল রয়েছে।
- ১০ যে ভয় করে সে যথাসত্ত্বর উপদেশ প্রহণ করবে,
- ১১ কিন্তু এটি এড়িয়ে চলবে নেহাত দুশ্চরিত্র,—
- ১২ যে বিরাট আগুনে ঢোকে পড়বে;
- ১৩ তখন সে সেখানে মরবে না, আর বাঁচবেও না।
- ১৪ সে-ই যথার্থ সফলকাম হবে যে নিজেকে পবিত্র করেছে,
- ১৫ এবং তার প্রভুর নাম স্মরণ করে, আর নামায পড়ে।
- ১৬ না, তোমরা দুনিয়ার জীবনকে প্রাধান্য দাও,
- ১৭ অথচ পরকালই বেশি ভাল ও দীর্ঘস্থায়ী।
- ১৮ নিঃসন্দেহ এইসব আছে পূর্ববর্তী ধর্মগ্রন্থে—
- ১৯ ইব্রাহীম ও মুসার ধর্মগ্রন্থে।